**অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে:** 11/8/2019 **গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো**

## গভর্নর কুওমো ঘোষণা করেন যে স্টেট পুলিশ অপারেশন হার্ডহ্যাট চলাকালে স্টেটব্যাপী 1,000 এর বেশি টিকেট ইস্যু করেছে

***NYSP, পরিবহণ বিভাগ (Department of Transportation, DOT) ও থ্রুওয়ে অথরিটি (Thruway Authority) এর মধ্যকার যৌথ উদ্যোগ মহাসড়কের সুরক্ষা ও জরুরী কর্মীদের উপর আলোকপাত করেছে***

গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো আজ ঘোষণা করেছেন যে নিউ ইয়র্ক স্টেট পুলিশ বিশেষ ট্রাফিক আইন প্রয়োগ চলাকালে কর্ম অঞ্চলে নির্বিচারে চালানো মোটর চালকদেরকে লক্ষ্য কর্মস্থলেকরে স্টেটব্যাপী মোট 1,048 টি টিকিট প্রদান করেছে। "অপারেশন হার্ডহ্যাট" স্টেট পুলিশ, নিউইয়র্ক স্টেট ডিপার্টমেন্ট অব ট্রান্সপোর্টেশন এবং নিউইয়র্ক স্টেট থ্রুওয়ে অথরিটির মধ্যে একটি যৌথ উদ্যোগ, যেটি কর্ম অঞ্চলে আইন লঙ্ঘনে কঠোর আইন প্রয়োগ করতে এবং স্টেটের মহাসড়কের নির্মাণ, রক্ষণাবেক্ষণ ও জরুরি কার্যক্রম চলাকালে নিরাপদে গাড়ি চালানোর গুরুত্ব তুলে ধরতে গঠিত হয়েছে।

"আমাদের প্রথম সাড়াদানকারী এবং হাইওয়ে কর্মীরা প্রতিদিন একটি কারণে বের হয় - আমাদের বাকিদেরকে আমাদের যেখানে যাওয়া প্রয়োজন সেখানে যেন নিরাপদে যেতে পারি তা নিশ্চিত করতে," **গভর্নর কুওমো বলেন।** "অনুগ্রহ করে সাধারণ বুদ্ধি ব্যবহার করুন এবং স্মার্ট ফোন দূরে রাখুন, ধীর গতিতে চলুন এবং যারা আমাদের সড়কে কাজ করে তাদের জন্য জায়গা ছেড়ে দিন। যারা বেপরোয়াভাবে গাড়ি চালায় এবং অন্যদেরকে বিপন্ন করে তাদেরকে দায়ী করা হবে।"

"অপারেশন হার্ডহ্যাট"-এর সময়, সক্রিয় কর্ম অঞ্চলে থাকাকালে নিউ ইয়র্ক স্টেট ট্রুপারগণ হাইওয়ে কর্মীদের মতো পোশাক পরিধান করে যে সব মোটরচালক কর্ম অঞ্চলের নির্ধারিত গতি সীমা এবং অন্যান্য বিধিনিষেধ অনুসরণ না করে মহাসড়কের কর্মী ও অন্যদের জীবন বিপন্ন করে তাদেরকে লক্ষ্য করার জন্য।

স্টেট পুলিশ DOT পরিচালিত কর্ম অঞ্চলে 28 টি পৃথক অভিযান পরিচালনা করেছে এবং নিউ ইয়র্ক স্টেট থ্রুওয়ে-এর বরাবর অতিরিক্ত চারটি অভিযান পরিচালনা করেছে যা আগস্ট থেকে শুরু হয়ে নভেম্বরের শুরু পর্যন্ত চলেছে। মোট 1,048 টি টিকিট ইস্যু করা হয়েছে, যার মধ্যে দ্রুতগতির জন্য 493 টি, সেল ফোন ব্যবহারের জন্য 92 টি এবং 72 টি হলো স্থান ছেড়ে দেয়া সংক্রান্ত আইন লঙ্ঘনের জন্য। এখানে একটি তালিকা দেয়া হলো:

মোট 1,048 টি টিকিট ইস্যু করা হয়েছে

- 493 টি দ্রুতগতির
- 94 টি সিটবেল্টের
- 92 টি সেল ফোনের
- 72 টি স্থান ছেড়ে দেয়ার
- 2 টি শিশু নিগ্রহের
- 2 টি ফ্ল্যাগার মানতে ব্যর্থতার
- 8 টি ট্রাফিক নিয়ন্ত্রণ ডিভাইস মানতে ব্যর্থতার
- 2 টি DWI
- 283 টি অন্যান্য লঙ্ঘন

পরবর্তী বসন্তে নির্মাণ মৌসুম পুনরায় চালু হলে অতিরিক্ত "অপারেশন হার্ডহ্যাট" প্রয়োগের অভিযান নির্ধারিত হবে।

**স্টেট পুলিশের সুপারিন্টেনডেন্ট কিথ এম. কোরলেট বলেন,** "আমাদের মূল লক্ষ্য হলো মোটরচালকগণ যখন গাড়ি চালায় তখন যে নিরাপত্তা অবশ্যই সর্বাগ্রে থাকবে তা বুঝেছে কিনা নিশ্চিত করা। দ্রুতগতিতে এবং অমনোযোগী হয়ে গাড়ি চালানো রাস্তায় সকলের জন্য অপ্রয়োজনীয় বিপদ তৈরি করে। আমরা সকল মোটরচালকদের কাছে আর্জি করি ধীর গতিতে গাড়ি চালাতে, জায়গা ছেড়ে দিতে এবং গুরুত্বপূর্ণ সতর্কতা ব্যবহার করতে যখন তারা মহাসড়কের পাশে সড়কের কাজ বা জরুরী কার্যক্রমের মুখোমুখি হবেন।"

**স্টেট পরিবহন বিভাগের কমিশনার ম্যারি থেরেস ডোমিঙ্গেজ বলেন,** "মহাসড়কে নিরাপত্তা আমাদের কর্মী এবং ভ্রমণরত জনসাধারণের মধ্যে একটি ভাগাভাগি দায়িত্ব। পরিবহন বিভাগের রক্ষণাবেক্ষণ কর্মীরা প্রতিদিন বাইরে ভ্রমণরত জনসাধারণের জন্য একটি গুরুত্বপূর্ণ সেবা সম্পাদন করেন, এবং পালাক্রমে আমরা চাই আমাদের কর্মীদের নিরাপদ রাখার জন্য জনগণ রাস্তার নিয়ম অনুসরণ করবে। অপারেশন হার্ডহ্যাট ভ্রমণরত জনসাধারণের জন্য একটি বার্তা পাঠাতে সাহায্য করেছে যে আপনি এই অংশীদারি দায়িত্ব লঙ্ঘন করলে তার একটি পরিণতি থাকবে। নিউ ইয়র্ক স্টেট পুলিশে আমাদের অংশীদারদের সাথে কাজ করে, আমরা খুব প্রাথমিক ফলাফল পেয়েছি, কিন্তু এটা আমাদের অভিযানের শুরু মাত্র। পরের বসন্তে বরফ গলে গেলে আবার আমাদের খোঁজ করুন।"

**নিউ ইয়র্ক স্টেট থ্রুওয়ে অথরিটি-এর এক্সিকিউটিভ ডিরেক্টর ম্যাথিউ জে. ড্রিসকোল বলেন,** "একটি কর্ম অঞ্চলে গাড়ি চালানোর সময় সতর্ক হতে এবং গতি কমাতে শুধুমাত্র আপনার সময়ের একটি মুহূর্ত লাগে। রক্ষণাবেক্ষণ কর্মী এবং জরুরী সাড়াদানকারীগণ রাস্তাঘাট নিরাপদ করার জন্য প্রতিদিন তাদের জীবনের ঝুঁকি নেন এবং তারা তাদের শিফট শেষে কেবল নিরাপদে বাড়ি ফিরে যেতে চান। আমি স্টেট পুলিশকে অপারেশন হার্ডহ্যাট-এর সময় তাদের কঠোর পরিশ্রম ও নিষ্ঠার জন্য এবং প্রত্যেকদিন আমাদের কর্মী ও মোটরচালকদের রক্ষার জন্য সাধুবাদ জানাই।"

স্টেটব্যাপী নির্মাণ ও রক্ষণাবেক্ষণ কর্মীগণ প্রতিদিন দ্রুতগামী যানবাহনের পাশাপাশি কাজ করেন, তারা জানেন যে তাদের জীবন নির্ভর করছে চালকদের সতর্ক, ধৈর্য্যশীল ও সাবধান থাকার উপর। এটি অত্যন্ত গুরুত্বপূর্ণ যে মোটরযান চালকগণ অমনোযোগ দূর করবেন, গাড়ি চালানোয় মনোযোগ দিবেন এবং, একাধিক লেনের মহাসড়কে, মহাসড়কের কর্মীদের জায়গা ছেড়ে দিতে একটি ট্রাভেল লেন ছেড়ে দেবেন।

মোটর চালকদের আইন প্রয়োগকারী কর্তৃপক্ষের গাড়ি, আগুন নেভানোর ট্রাক, অ্যাম্বুলেন্স, গাড়ি উঠিয়ে নিয়ে যাওয়ার ট্রাক এবং রাস্তায় পাশে থাকা নির্মাণ এবং রক্ষণাবেক্ষণের কাজে নিয়োজিত গাড়ির নিকটে আসলে নিউ ইয়র্কের মুভ ওভার আইন মেনে সযত্নে গাড়ি চালানোর, গাড়ির গতি কম করার এবং নিরাপদ দূরত্বে গাড়ি থামানোর মতো নিয়মগুলি মেনে চলতে হবে।

পরিবহন বিভাগ সম্প্রতি স্টেটজুড়ে নির্মাণ অঞ্চলগুলোতে জায়গা ছেড়ে দেয়ার বিষয়টিকে গুরুত্ব দিয়ে একটি নতুন **পাবলিক সার্ভিস ঘোষণা** চালু করে।

গ্রীষ্মের পুরো সময় জুড়ে, থ্রুওয়ে অথরিটি এছাড়াও রন ডেমিং এর বিপত্নীক **স্যালি ডেমিং-কে তুলে ধরে একটি নতুন PSA** প্রকাশ করে। 2016 সালের অক্টোবরে নিউ ইয়র্ক স্টেট থ্রুওয়ে-তে কাজ করার সময় লিটল ফলস (Little Falls)-এর ডেমিং দুঃখজনকভাবে মৃত্যুবরণ করে। PSA এছাড়াও থ্রুওয়ে অথরিটি এর রক্ষণাবেক্ষণ কর্মীদের ফিচার করে যারা 2019 সালে কর্ম অঞ্চলের ঘটনায় জড়িত ছিলেন। নিউ ইয়র্ক স্টেট গভর্ণর ট্রাফিক সেফটি কমিটি এবং নিউ ইয়র্ক স্টেট ব্রডকাস্টার্স অ্যাসোসিয়েশনের অনুদানের মাধ্যমে PSA এর অর্থায়ন করা হয় এবং স্টেট জুড়ে TV স্টেশনগুলোতে এবং সামাজিক মাধ্যমগুলোতে শত শত বার প্রচারিত হয়েছে।

মোটরগাড়ি চালকদের স্মরণ করিয়ে দেয়া হচ্ছে যে একটি কর্ম অঞ্চলে গতিসীমা অতিক্রম করলে দ্বিগুণ জরিমানা গুণতে হবে এবং 2005 সালের ওয়ার্ক জোন সেফটি অ্যাক্ট (Work Zone Safety Act) অনুসারে কোনো ব্যক্তি যদি কর্মক্ষেত্রে দুই বা তার বেশি বার গতিসীমা অতিক্রম করে তাহলে ব্যক্তির ড্রাইভিং লাইসেন্স বাতিল করা হতে পারে। কর্ম অঞ্চলের নিরাপত্তা বিষয়ক পরামর্শ পাওয়া যাবে **এখানে**।

চলাচলের প্রকৃত-সময়ের তথ্যের জন্য, মোটরযান চালকগণ 511 নম্বরে কল করুন, www.511NY.org ওয়েবসাইট ভিজিট করুন অথবা ডাউনলোড করুন ফ্রি 511NY মোবাইল অ্যাপ।

###

অতিরিক্ত তথ্য পাওয়া যাবে এখানে www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট । এক্সিকিউটিভ চেম্বার । press.office@exec.ny.gov । 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন